

আল-মুদ্দাসসির | Al-Muddathir | الْمُدَّثِّرُ

আয়াতঃ ৭৪ : ৬

আরবি মূল আয়াত:

وَلَا تَمْنُنْ تَسْتَكْثِرُ ﴿٦﴾

অনুবাদসমূহ:

আর অধিক পাওয়ার আশায় দান করো না। — আল-বায়ান

(কারো প্রতি) অনুগ্রহ করো না অধিক পাওয়ার উদ্দেশ্যে। — তাইসিরুল

অধিক পাওয়ার প্রত্যাশায় দান করনা। — মুজিবুর রহমান

And do not confer favor to acquire more — Sahih International

৬. আর বেশী পাওয়ার প্রত্যাশায় দান করবেন না।(১)

(১) এর কয়েকটি অর্থ হতে পারে। একটি অর্থ হলো, আপনি যার প্রতিই ইহসান বা অনুগ্রহ করবেন, নিঃস্বার্থভাবে করবেন। আপনার অনুগ্রহ ও বদ্যান্যতা এবং দানশীলতা ও উত্তম আচরণ হবে একমাত্র আল্লাহর উদ্দেশ্যে। ইহসান বা মহানুভবতার বিনিময়ে কোন প্রকার পার্থিব স্বার্থ লাভের বিন্দুমাত্র আকাঙ্ক্ষাও করবেন না; বেশি পাওয়ার আশায়ও ইহসান করবেন না। দ্বিতীয় অর্থ হলো, নবুওয়াতের যে দায়িত্ব আপনি পালন করছেন এবং এর বিনিময়ে কোন প্রকার ব্যক্তি স্বার্থ উদ্ধার করবেন না; যদিও অনেক বড় ও মহান একটি কাজ করে চলেছেন। কিন্তু নিজের দৃষ্টিতে নিজের কাজকে বড় কাজ বলে কখনো মনে করবেন না এবং কোন সময় এ চিন্তাও যেন আপনার মনে উদ্ভিত না হয় যে, নবুওয়াতের দায়িত্ব পালন করে আর এ কাজে প্রাণপণ চেষ্টা-সাধনা করে আপনি আপনার রবের প্রতি কোন অনুগ্রহ করছেন। [দেখুন: কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

(৬) অধিক পাওয়ার প্রত্যাশায় অনুগ্রহ করো না। [1]

[1] অর্থাৎ, অপরের প্রতি অনুগ্রহ করে এই আশা করো না যে, বিনিময়ে তার থেকে অধিক পাওয়া যাবে।

তাফসীরে আহসানুল বায়ান

Source — <https://www.hadithbd.com/quran/link/?id=5501>

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন